বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
আইন বিভাগ, সদর দফতর, ঢাকা।

অফিস সার্কুলার নম্বরঃ ০০৮.০১.২০২৪

তারিখঃ ১৪.০৮.২০২৪ খ্রি.

**বিষয়ঃ বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের উচ্চ আদালত এবং নিম্ন আদালতের মামলা পরিচালনার নিমিত্ত প্যানেল আইনজীবী এবং আইন উপদেষ্টা নিয়োগ সংক্রান্ত নীতিমালা-২০২৪।**

বিগত ৩১.০৭.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫৩৮-তম সভায় গৃহীত সিদ্ধান্ত ও অনুমোদনক্রমে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের উচ্চ আদালত এবং নিম্ন আদালতের মামলা পরিচালনার নিমিত্ত প্যানেল আইনজীবী এবং আইন উপদেষ্টা নিয়োগ সংক্রান্ত নীতিমালা নিম্নরুপ প্রণয়ন করা হলোঃ

**(ক) বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের উচ্চ আদালত এবং নিম্ন আদালতের মামলা পরিচালনার নিমিত্ত প্যানেল আইনজীবী নিয়োগ সংক্রান্ত নীতিমালা :**

১। (ক) এই নীতিমালা 'বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের উচ্চ আদালত এবং নিম্ন আদালতের মামলা পরিচালনার নিমিত্ত প্যানেল আইনজীবী নিয়োগ সংক্রান্ত নীতিমালা -২০২৪' নামে অভিহিত হবে।

(খ) প্যানেল আইনজীবী নিয়োগ ও অপসারণের ক্ষেত্রে "অনুমোদনকারী কর্তৃপক্ষ" বলতে পরিচালনা পর্ষদকে বুঝাবে।

২। **প্যানেল আইনজীবী নিয়োগের নিমিত্ত সুপারিশ প্রণয়নের জন্য বাছাই কমিটি গঠনঃ** প্যানেল আইনজীবী নিয়োগের নিমিত্ত সুপারিশ প্রণয়নের জন্য নিম্নবর্ণিত প্রতিনিধির সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠিত হবেঃ-

ক) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন-সভাপতি;
খ) পরিচালনা পর্ষদের মনোনীত একজন পরিচালক-সদস্য;
গ) উপ-ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন-সদস্য;
ঘ) মহাব্যবস্থাপক (আইন), বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন - সদস্য;
ঙ) অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপযুক্ত একজন প্রতিনিধি-সদস্য;
চ) অ্যাটর্নি জেনারেল অফিসের একজন ডেপুটি অ্যাটর্নি জেনারেল - সদস্য;
ছ) উপ-মহাব্যবস্থাপক (আইন), বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন - সদস্য সচিব।

৩। **কর্পোরেশনের প্যানেল আইনজীবী নিয়োগ সংক্রান্ত পদ্ধতিঃ**

(ক) কর্পোরেশনের অধীনস্থ কোন অফিসে আইনজীবী নিয়োগের আবশ্যকতা দেখা দিলে সংশ্লিষ্ট শাখা অফিস আইনজীবী নিয়োগের যৌক্তিকতা ব্যাখ্যা করে সদর দফতর আইন বিভাগে প্রস্তাব পাঠাবে। আইন বিভাগ হতে উক্ত প্রস্তাবের যথার্থতা যাচাইপূর্বক উপযুক্ত বিবেচনা করলে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে আইনজীবী নিয়োগের জন্য সংযুক্তি-১ মোতাবেক বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা নিবেন। সদর দফতরের জন্য প্যানেল আইনজীবী নিয়োগের ক্ষেত্রে আইন বিভাগ থেকেই প্রয়োজনীয়তার নিরিখে বাস্তবতা যাচাই করে কমিটির নিকট প্রস্তাব পেশ করতে হবে। নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি জনসংযোগ বিভাগের মাধ্যমে কমপক্ষে ১ টি বহুল প্রচারিত জাতীয় বাংলা দৈনিক পত্রিকায় এবং ১ টি বহুল প্রচারিত জাতীয় ইংরেজী পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিজ্ঞপ্তিটি কর্পোরেশনের ওয়েবসাইটে (https://bhbfc.gov.bd) সংযুক্ত করতে হবে।

(খ) সদর দফতর আইন বিভাগ, সদর দফতরের জন্য প্যানেল আইনজীবী হিসেবে অন্তর্ভুক্তির আগ্রহ ব্যক্তকারী আইনজীবীদের দাখিলকৃত দরখাস্ত/আবেদনপত্রসমূহ এবং শাখা অফিস হতে প্রেরিত দরখাস্ত/আবেদন সমূহ বাছাই কমিটি বরাবর উপস্থাপন করবে।

চলমান পাতা-২

CamScanner

(গ) এছাড়া সদর দপ্তর ও শাখা অফিসসমূহে জরুরী প্রয়োজনে প্যানেল আইনজীবী নিয়োগের আবশ্যকতা দেখা দিলে সদর দপ্তর আইন বিভাগ উচ্চাদালতের মামলার জন্য আইনজীবীদের তথ্য সংগ্রহ করবে এবং সংশ্লিষ্ট শাখা অফিস কর্পোরেশনের মামলা পরিচালনার জন্য দক্ষ আইনজীবীগণের জীবন বৃত্তান্ত ও সকল সনদপত্র সংগ্রহ করে সুপারিশের জন্য আইন বিভাগে প্রেরণ করবে। তৎপরবর্তী আইনজীবীদের নিয়োগ প্রদানের জন্য আইন বিভাগ কর্তৃক নিয়োগ কমিটি বরাবর আবেদনপত্র যাচাই বাছাইয়ের জন্য উপস্থাপন করা হবে।

(ঘ) কমিটির সদস্যবৃন্দ আবেদনসমূহ যাচাই বাছাই করে, বাছাইকৃত আবেদনকারীদের সাক্ষাৎকার গ্রহণের জন্য নির্ধারিত তারিখ, সময় ও স্থান ই-মেইল/এসএমএস/ডাকযোগে অবহিত করবে। কমিটি আবেদনকারীদের সাক্ষাৎকার শেষে আইনজীবী প্যানেল এর একটি তালিকা চূড়ান্ত করবেন। কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ প্রদানের লক্ষ্যে পরিচালনা পর্ষদের অনুমোদনের জন্য বোর্ড মেমোর মাধ্যমে সুপারিশ করা হবে।

(ঙ) পরিচালনা পর্ষদ কর্তৃক প্যানেল আইনজীবী নিয়োগের অনুমোদন প্রাপ্তির পর সদর দফতর, প্রশাসন বিভাগ হতে নিয়োগপত্র ইস্যু করা হবে এবং সংশ্লিষ্ট সকল-কে অবহিত করা হবে। সংশ্লিষ্ট আইনজীবীগণ নিয়োগ পত্রে উল্লিখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শাখা অফিসে যোগদান করবে এবং কর্পোরেশনের নির্ধারিত ফরমে রাজীনামা এবং Fidelity and secrecy Bond এ স্বাক্ষর করে যোগদান পত্রের সাথে দাখিল করবে। একই নিয়মে সদর দফতরের জন্য নির্বাচিত আইনজীবীগণ সদর দফতর, আইন বিভাগে যোগদান করবে। সংশ্লিষ্ট শাখা অফিস আইনজীবীদের যোগদান পত্র গ্রহণ করে সদর দফতর, আইন বিভাগে অবগতির জন্য প্রেরণ করবেন। সদর দফতর, আইন বিভাগ গৃহীত সকল যোগদান পত্রের রেকর্ড সংরক্ষণের জন্য সদর দফতর, প্রশাসন বিভাগে প্রেরণ করবে।

(চ) প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে প্রকাশিত পেপার বিজ্ঞপ্তি-তে উল্লিখিত শর্তাদি পূরণ না করলে বা সংশ্লিষ্ট কাগজ-পত্রাদি প্রদান না করলে উহা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। কর্পোরেশন যে কোন দরখাস্ত/আবেদনপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৪। **প্যানেল আইনজীবি হিসেবে অন্তর্ভুক্তির জন্য আবেদনকারীর যোগ্যতাঃ** আবেদনকারীর নিম্নরুপ যোগ্যতা থাকতে হবেঃ

ক) আইন বিষয়ে কমপক্ষে স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রিধারী;

খ) বাংলাদেশ বার কাউন্সিলের সনদধারী;

গ) জেলা পর্যায়ে দেওয়ানী/ ফৌজদারী আদালতে মামলা পরিচালনার ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

ঘ) মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ/ হাইকোর্ট বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ/ হাইকোর্ট বিভাগে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ প্রশাসনিক ট্রাইব্যুনালে মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে;

ঙ) মুক্তিযুদ্ধের স্বপক্ষের মনোভাবাপন্ন হতে হবে।

৫। **আবেদনকারীর অযোগ্যতাঃ** আবেদনকারী নিম্ন-বর্ণিত কারণে অযোগ্য বলে বিবেচিত হবেনঃ

ক) আবেদনকারী বাংলাদেশের স্থায়ী নাগরিক না হলে;

খ) নৈতিক স্খলনজনিত ফৌজদারী অপরাধে কমপক্ষে ০১ (এক) বছরের জন্য দন্ডপ্রাপ্ত হলে এবং দন্ড ভোগের পরে ০৩ (তিন) বছর অতিক্রান্ত না হয়ে থাকলে;

গ) শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণি থাকলে;

ঘ) মুক্তিযুদ্ধের বিপক্ষের মনোভাবাপন্ন বিবেচিত হলে;

ঙ) সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরী হতে বরখাস্তকৃত ব্যক্তিগণ বা অন্য কোন প্রতিষ্ঠানের আইনজীবীর তালিকাভুক্তি থেকে অপসারিত রাষ্ট্র বিরোধী কোনো কর্মকান্ডে জড়িত আইনজীবী আবেদন করার অযোগ্য বলে বিবেচিত হবেন;

চলমান পাতা-৩

CamScanner

চ) যারা কর্পোরেশনের ঋণ খেলাপী তারা আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন (আবেদনকারী কর্পোরেশন থেকে ঋণ নিয়েছেন কি-না এবং নিয়ে থাকলে ঋণ পরিশোধ আচরণ ও ঋণের বর্তমান অবস্থা আবেদন পত্রে উল্লেখ করতে হবে)।

৬। **আবেদনপত্রের সঙ্গে দাখিলতব্য প্রয়োজনীয় কাগজপত্রসমূহঃ** আবেদনপত্রের সঙ্গে নিম্ন-বর্ণিত কাগজাদি দাখিল করতে হবেঃ

ক) আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, ই-মেইল আইডি এবং মোবাইল নম্বরসহ পূর্ণ জীবনবৃত্তান্ত;

খ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি;

গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

ঘ) বাংলাদেশ বার কাউন্সিলে তালিকাভুক্তির সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

ঙ) মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ/ হাইকোর্ট বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ/ হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনার ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

চ) জেলা পর্যায়ে দেওয়ানী/ ফৌজদারী আদালতে মামলা পরিচালনার ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

ছ) সংশ্লিষ্ট জেলা বার এর সদস্য সনদপত্র এবং

জ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;

ঝ) অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তার প্রমাণক।

৭। **প্যানেলভুক্তির ক্ষেত্রে আইনজীবীদের যোগ্যতার মানদন্ড মূল্যায়ণ সংক্রান্তঃ**

প্রার্থী মূল্যায়ণের মোট মানবন্টনঃ

| | |
|---|---|
| ক) শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত অভিজ্ঞতা | = ৭০ নম্বর |
| খ) সাক্ষাৎকার (Interview) | = ৩০ নম্বর |
| মোট | = ১০০ নম্বর |

ক) শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত অভিজ্ঞতার জন্য নির্ধারিত ৭০ নম্বরের বিভাজন নিম্নরূপঃ

| বিবরণ | মোট নম্বর | নম্বর বন্টন |
|---|---|---|
| শিক্ষাগত যোগ্যতা (স্নাতক/স্নাতকোত্তর) | ২৫ | এল.এল.বি-১৫<br>এল.এল.বি (অনার্স)-২০<br>এল.এল.এম-২৫ |
| আইনে উচ্চতর ডিগ্রি/ডক্টরেট | ১০ | ডক্টরেট-১০<br>এমফিল-৫<br>বার-এট-ল-৮<br>সর্বোচ্চ-১০ |
| জেলা জজ আদালতে প্র্যাকটিস এর অভিজ্ঞতা | ১০ | প্রতি বছরের জন্য ০.৫০, সর্বোচ্চ-১০ |
| বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে প্র্যাকটিস এর অভিজ্ঞতা | ১০ | প্রতি বছরের জন্য ০.৫০, সর্বোচ্চ-১০ |
| বাংলাদেশ সুপ্রীম কোর্টের অ্যাপিলেট ডিভিশনে Practice এর অভিজ্ঞতা | ১০ | প্রতি বছরের জন্য ১.০০, সর্বোচ্চ ১০ |
| সিনিয়র আইনজীবী হিসেবে অভিজ্ঞতা | ০৫ | প্রতি বছরের জন্য ১.০০, সর্বোচ্চ ০৫ |
| মোট | ৭০ | |

চলমান পাতা-৪

CamScanner

৮। **তালিকাভুক্ত প্যানেল আইনজীবীর পেশাগত ফিঃ**

(ক) তালিকাভুক্ত প্যানেল আইনজীবীগণ কর্পোরেশনের তালিকাভুক্ত আইন উপদেষ্টা/রিটেইনার/প্যানেল আইনজীবীগণের 'ফি' এবং মামলা পরিচালনার প্রকৃত ব্যয়ের পরিমাণ সংক্রান্ত বিদ্যমান সার্কুলার নম্বরঃ ০০৮.০২.২০১৯; তারিখ-১৯.০৩.২০১৯ খ্রি. অনুযায়ী ফি প্রাপ্য হবেন। উল্লেখ্য যে, উক্ত সার্কুলার সময়ে সময়ে যুগোপযোগী করা হলে পরিবর্তিত হারে আইনজীবীগণ ফি প্রাপ্য হবেন;

(খ) বিশেষ ক্ষেত্রে বোর্ডের অনুমতি সাপেক্ষে মামলার প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ সিনিয়র আইনজীবী নিয়োগ প্রদান করা যাবে। আলোচনা সাপেক্ষে নিয়োগকৃত আইনজীবীর সম্মানী নির্ধারণ করা হবে।

৯। **প্যানেল আইনজীবী পদ হতে অপসারণঃ**

ক) কর্পোরেশনের স্বার্থ বিরোধী কাজে লিপ্ত কোন প্যানেল আইনজীবীকে বহিষ্কার করার ক্ষমতা পরিচালনা পর্ষদ সংরক্ষণ করে।

খ) আইনজীবীগণের গাফিলতি অথবা ত্রুটির কারণে কোন মামলা খারিজ হলে অথবা পারফরমেন্স সন্তোজনক না হলে সংশ্লিষ্ট আইনজীবীকে বহিষ্কার করার ক্ষমতা পরিচালনা পর্ষদ সংরক্ষণ করে।

১০। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) প্যানেল আইনজীবীর তালিকাভুক্তির মেয়াদ হবে প্রাথমিকভাবে সর্বোচ্চ ০২ (দুই) বছর। পরবর্তীতে আইনজীবীদের পারফরমেন্স সন্তোষজনক না হলে আইনজীবী তালিকাভুক্তির মেয়াদ হ্রাস-বৃদ্ধি বা কোন তালিকাভুক্ত আইনজীবীকে তালিকা হতে বহিষ্কার/অব্যাহতির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন;

(খ) মামলা নিষ্পত্তি/অগ্রগতি বিষয়ে সংশ্লিষ্ট আইনজীবীকে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন বরাবর ত্রৈমাসিক অগ্রগতির রিপোর্ট দিতে হবে;

(গ) নির্ধারিত সম্মানি ছাড়া কোন বেতন-ভাতা/অতিরিক্ত সম্মানি দেয়া হবে না;

(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে নিয়োজিত আইনজীবীর নিকট হস্তান্তরিত মামলার অনাপত্তিসহ যাবতীয় কাগজপত্র অন্য বিজ্ঞ আইনজীবীর নিকট হস্তান্তরে বাধ্য থাকবে;

(ঙ) নিয়োজিত প্যানেল আইনজীবী বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন এর বিপক্ষে দায়েরকৃত কোন মামলায় কর্পোরেশনের বিরুদ্ধে নিয়োজিত হতে পারবেন না;

(চ) কোন আইনজীবী নিজে অব্যাহতি চাইলে অথবা কোন আইনজীবীকে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন অব্যাহতি দিতে চাইলে উভয় ক্ষেত্রে ৬০ দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে;

(ছ) প্রত্যেক আইনজীবীকে প্রতি এক বছরের পারফরমেন্স মূল্যায়ন সম্পর্কিত Key Performance Indicator (KPI) (সংযুক্তি-২) সন্তোষজনক না হলে তাঁকে পরবর্তী সময়ে মামলার দায়িত্ব দেয়া বা না দেয়ার সিদ্ধান্তের প্রাধিকার কর্পোরেশন সংরক্ষণ করবে।

১১। এতদবিষয়ে ইতঃপূর্বে জারীকৃত সার্কুলার ০০১০/২০০৭; তারিখ-১৫.১১.২০০৭ বাতিল বলে গণ্য হবে। এছাড়া নীতিমালার বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে সদর দফতর আইন বিভাগের সাথে যোগযোগের মাধ্যমে তা স্পষ্টীকরণ করতে হবে।

চলমান পাতা-৫

CamScanner

**(খ) বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের উচ্চ আদালত এবং নিম্ন আদালতের মামলা পরিচালনার নিমিত্ত আইন উপদেষ্টা নিয়োগ সংক্রান্ত নীতিমালা :**

১। (১) এই নীতিমালা বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের উচ্চ আদালত এবং নিম্ন আদালতের মামলা পরিচালনার নিমিত্ত আইন উপদেষ্টা নিয়োগ সংক্রান্ত নীতিমালা -২০২৪ নামে অভিহিত হবে।

(২) আইন উপদেষ্টার নিয়োগ ও অপসারণের ক্ষেত্রে "অনুমোদনকারী কর্তৃপক্ষ" বলতে পরিচালনা পর্ষদকে বুঝাবে।

২। **আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে বাছাই কমিটি গঠনঃ** আইন উপদেষ্টা নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত নির্বাহী ও প্রতিনিধির সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠিত হবেঃ-

ক) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন-সভাপতি;

খ) পরিচালনা পর্ষদের মনোনীত একজন পরিচালক-সদস্য;

গ) উপ-ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন-সদস্য;

ঘ) মহাব্যবস্থাপক (আইন), বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন - সদস্য;

ঙ) অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপযুক্ত একজন প্রতিনিধি-সদস্য;

চ) অ্যাটর্নি জেনারেল অফিসের একজন ডেপুটি অ্যাটর্নি জেনারেল - সদস্য;

ছ) উপ-মহাব্যবস্থাপক (আইন), বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন - সদস্য সচিব।

৩। **কর্পোরেশনের আইন উপদেষ্টা নিয়োগ সংক্রান্ত পদ্ধতিঃ**

(ক) কর্পোরেশনের অধীনস্থ কোন অফিসে আইন উপদেষ্টা নিয়োগের আবশ্যকতা দেখা দিলে সংশ্লিষ্ট শাখা অফিস আইন উপদেষ্টা নিয়োগের যৌক্তিকতা ব্যাখ্যা করে সদর দফতর আইন বিভাগে প্রস্তাব পাঠাবে। আইন বিভাগ হতে উক্ত প্রস্তাবের যথার্থতা যাচাইপূর্বক উপযুক্ত বিবেচনা করলে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে আইন উপদেষ্টা নিয়োগের জন্য সংযুক্তি-১ মোতাবেক বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা নিবেন। সদর দফতরের জন্য আইন উপদেষ্টা নিয়োগের ক্ষেত্রে আইন বিভাগ থেকেই প্রয়োজনীয়তার নিরিখে বাস্তবতা যাচাই করে কমিটির নিকট প্রস্তাব পেশ করতে হবে। নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি জনসংযোগ বিভাগের মাধ্যমে কমপক্ষে ১ টি বহুল প্রচারিত জাতীয় বাংলা দৈনিক পত্রিকায় এবং ১ টি বহুল প্রচারিত জাতীয় ইংরেজী পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিজ্ঞপ্তিটি কর্পোরেশনের ওয়েবসাইটে (https://bhbfc.gov.bd) সংযুক্ত করতে হবে।

(খ) সদর দফতর আইন বিভাগ, সদর দফতরের জন্য আইন উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্তির আগ্রহ ব্যক্তকারী আইনজীবীদের দাখিলকৃত দরখাস্ত/আবেদনপত্রসমূহ এবং শাখা অফিস হতে প্রেরিত দরখাস্ত/আবেদন সমূহ বাছাই কমিটি বরাবর উপস্থাপন করবে।

(গ) এছাড়া সদর দপ্তর ও শাখা অফিসসমূহে জরুরী প্রয়োজনে আইন উপদেষ্টা নিয়োগের আবশ্যকতা দেখা দিলে সদর দপ্তর আইন বিভাগ উচ্চাদালতের মামলার জন্য আইন উপদেষ্টাদের তথ্য সংগ্রহ করবে এবং সংশ্লিষ্ট শাখা অফিস কর্পোরেশনের মামলা পরিচালনার জন্য দক্ষ আইন উপদেষ্টাদের জীবন বৃত্তান্ত ও সকল সনদপত্র সংগ্রহ করে সুপারিশের জন্য আইন বিভাগে প্রেরণ করবে । তৎপরবর্তী আইন উপদেষ্টা নিয়োগ প্রদানের জন্য আইন বিভাগ কর্তৃক নিয়োগ কমিটি বরাবর আবেদনপত্র যাচাই বাছাইয়ের জন্য উপস্থাপন করা হবে।

(ঘ) কমিটি আবেদনকারীদের সাক্ষাৎকার শেষে আইন উপদেষ্টাগণের একটি তালিকা চূড়ান্ত করবেন। কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ প্রদানের জন্য কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ প্রদানের জন্য পরিচালনা পর্ষদের অনুমোদনের জন্য বোর্ড মেমোর মাধ্যমে সুপারিশ করা হবে।

চলমান পাতা-৬

CamScanner

(ঙ) পরিচালনা পর্ষদ কর্তৃক আইন উপদেষ্টা নিয়োগের অনুমোদন প্রাপ্তির পর সদর দফতর, প্রশাসন বিভাগ হতে নিয়োগপত্র ইস্যু করা হবে এবং সংশ্লিষ্ট সকল-কে অবহিত করা হবে। সংশ্লিষ্ট আইন উপদেষ্টা নিয়োগ পত্রে উল্লিখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শাখা অফিসে যোগদান করবে এবং কর্পোরেশনের নির্ধারিত ফরমে রাজীনামা এবং Fidelity and secrecy Bond এ স্বাক্ষর করে যোগদান পত্রের সাথে দাখিল করবে। একই নিয়মে সদর দফতরের জন্য নির্বাচিত আইন উপদেষ্টাগণ সদর দফতর, আইন বিভাগে যোগদান করবে। সংশ্লিষ্ট শাখা অফিস আইন উপদেষ্টা যোগদান পত্র গ্রহণ করে সদর দফতর, আইন বিভাগে অবগতির জন্য প্রেরণ করবেন। সদর দফতর, আইন বিভাগ গৃহীত সকল যোগদান পত্রের রেকর্ড সংরক্ষণের জন্য সদর দফতর, প্রশাসন বিভাগে প্রেরণ করবে।

(চ) আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে প্রকাশিত পেপার বিজ্ঞপ্তি -তে উল্লিখিত শর্তাদি পূরণ না করলে বা সংশ্লিষ্ট কাগজ-পত্রাদি প্রদান না করলে উহা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। কর্পোরেশন যে কোন দরখাস্ত/আবেদনপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৪। **<u>আবেদনকারীর যোগ্যতাঃ</u>** আবেদনকারীর নিম্নরূপ যোগ্যতা থাকতে হবেঃ

ক) আইন বিষয়ে কমপক্ষে স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রিধারী;

খ) বাংলাদেশ বার কাউন্সিলের সনদধারী;

গ) জেলা পর্যায়ে দেওয়ানী/ ফৌজদারী আদালতে মামলা পরিচালনার ১২ (বার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;

ঘ) মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ/ হাইকোর্ট বিভাগের আইন উপদেষ্টা ক্ষেত্রে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ/ হাইকোর্ট বিভাগে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতাসহ প্রশাসনিক ট্রাইব্যুনালে মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে;

ঙ) মুক্তিযুদ্ধের স্বপক্ষের মনোভাবাপন্ন হতে হবে।

৫। **<u>আবেদনকারীর অযোগ্যতাঃ</u>** আবেদনকারী নিম্ন-বর্ণিত কারণে অযোগ্য বলে বিবেচিত হবেনঃ

ক) আবেদনকারী বাংলাদেশের স্থায়ী নাগরিক না হলে;

খ) নৈতিক স্খলনজনিত ফৌজদারী অপরাধে কমপক্ষে ০১ (এক) বছরের জন্য দন্ডপ্রাপ্ত হলে এবং দন্ড ভোগের পরে ০৩ (তিন) বছর অতিক্রান্ত না হয়ে থাকলে;

গ) শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণি থাকলে;

ঘ) মুক্তিযুদ্ধের বিপক্ষের মনোভাবাপন্ন বিবেচিত হলে;

ঙ) সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরী হতে বরখাস্তকৃত ব্যক্তিগণ বা অন্য কোন প্রতিষ্ঠানের আইনজীবীর তালিকাভুক্তি থেকে অপসারিত রাষ্ট্র বিরোধী কোনো কর্মকান্ডে জড়িত উপদেষ্টাগণ আবেদন করার অযোগ্য বলে বিবেচিত হবেন;

চ) যারা কর্পোরেশনের ঋণ খেলাপী তারা আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন (আবেদনকারী কর্পোরেশন থেকে ঋণ নিয়েছেন কি-না এবং নিয়ে থাকলে ঋণ পরিশোধ আচরণ ও ঋণের বর্তমাণ অবস্থা আবেদন পত্রে উল্লেখ করতে হবে)।

৬। **<u>আবেদনপত্রের সঙ্গে দাখিলতব্য প্রয়োজনীয় কাগজপত্রসমূহঃ</u>** আবেদনপত্রের সঙ্গে নিম্ন-বর্ণিত কাগজাদি দাখিল করতে হবেঃ

ক) আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, ই-মেইল আইডি এবং মোবাইল নম্বরসহ পূর্ণ জীবনবৃত্তান্ত;

খ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি;

গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

ঘ) বাংলাদেশ বার কাউন্সিলে তালিকাভুক্তির সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

চলমান পাতা-৭।

CamScanner

ঙ) মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ/ হাইকোর্ট বিভাগের আইন উপদেষ্টা ক্ষেত্রে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ/ হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনার ১০ (দশ) বছরের অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

চ) জেলা পর্যায়ে দেওয়ানী/ ফৌজদারী আদালতে মামলা পরিচালনার ১২ (বার) বছরের অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

ছ) সংশ্লিষ্ট জেলা বার এর সদস্য সনদপত্র এবং

জ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;

ঝ) অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে।

৭। **আইন উপদেষ্টাদের যোগ্যতার মানদন্ড মূল্যায়ণ সংক্রান্তঃ**

প্রার্থী মূল্যায়ণের মানবন্টনঃ

ক) শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত অভিজ্ঞতা = ৭০ নম্বর

খ) সাক্ষাৎকার (Interview) = ৩০ নম্বর

মোট = ১০০ নম্বর

শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত অভিজ্ঞতার জন্য নির্ধারিত ৭০ নম্বরের বিভাজন নিম্নরূপঃ

| বিবরণ | মোট নম্বর | নম্বর বন্টন |
|---|---|---|
| শিক্ষাগত যোগ্যতা (স্নাতক/স্নাতকোত্তর) | ২৫ | এল.এল.বি-১৫, এল.এল.বি (অনার্স)-২০, এল.এল.এম-২৫ |
| আইনে উচ্চতর ডিগ্রি/ডক্টরেট | ১০ | ডক্টরেট-১০, এমফিল-৫, বার-এট-ল-৮ |
| জেলা জজ আদালতে প্র্যাকটিস এর অভিজ্ঞতা | ১০ | প্রতি বছরের জন্য ০.৫০, সর্বোচ্চ-১০ |
| বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে প্র্যাকটিস এর অভিজ্ঞতা | ১০ | প্রতি বছরের জন্য ০.৫০, সর্বোচ্চ-১০ |
| বাংলাদেশ সুপ্রীম কোর্টের অ্যাপিলেট ডিভিশনে Practice এর অভিজ্ঞতা | ১০ | প্রতি বছরের জন্য ১.০০, সর্বোচ্চ ১০ |
| সিনিয়র আইনজীবী হিসেবে অভিজ্ঞতা | ০৫ | প্রতি বছরের জন্য ১.০০, সর্বোচ্চ ০৫ |
| মোট | ৭০ | |

৮। **তালিকাভুক্ত আইন উপদেষ্টার পেশাগত ফিঃ**

তালিকাভুক্ত আইন উপদেষ্টার কর্পোরেশনের তালিকাভূক্ত আইন উপদেষ্টা/রিটেইনার/প্যানেল আইনজীবীগণের 'ফি' এবং মামলা পরিচালনার প্রকৃত ব্যয়ের পরিমাণ সংক্রান্ত বিদ্যমান সার্কুলার নম্বরঃ ০০৮.০২.২০১৯; তারিখ-১৯.০৩.২০১৯ খ্রি. অনুযায়ী ফি প্রাপ্য হবেন। উল্লেখ্য যে, উক্ত সার্কুলার সময়ে সময়ে যুগোপযোগী করা হলে পরিবর্তিত হারে আইন উপদেষ্টাগণ ফি প্রাপ্য হবেন;

৯। **আইন উপদেষ্টার পদ হতে অপসারণঃ**

ক) কর্পোরেশনের স্বার্থ বিরোধী কাজে লিপ্ত কোন আইন উপদেষ্টাকে বহিষ্কার করার ক্ষমতা পরিচালনা পর্ষদ সংরক্ষণ করে।

খ) আইন উপদেষ্টার গাফিলতি অথবা ত্রুটির করার কারণে কোন মামলা খারিজ হলে অথবা পারফরমেন্স সন্তোজনক না হলে সংশ্লিষ্ট আইন উপদেষ্টা কে বহিষ্কার ক্ষমতা পরিচালনা পর্ষদ সংরক্ষণ করে।



CamScanner

১০। অন্যান্য শর্তাবলীঃ

(ক) আইন উপদেষ্টার মেয়াদ হবে প্রাথমিকভাবে সর্বোচ্চ ০২ (দুই) বছর। পরবর্তীতে আইন উপদেষ্টার পারফরমেন্স সন্তোষজনক না হলে আইন উপদেষ্টা তালিকাভুক্তির মেয়াদ হ্রাস-বৃদ্ধি বা কোন তালিকাভুক্ত আইন উপদেষ্টাকে তালিকা হতে বহিষ্কার/অব্যাহতির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন;

(খ) নির্ধারিত সম্মানি ছাড়া কোন বেতন-ভাতা/অতিরিক্ত সম্মানী দেয়া হবে না;

(গ) প্রযোজ্য ক্ষেত্রে নিয়োজিত আইন উপদেষ্টা নিকট হস্তান্তরিত মামলার অনাপত্তিসহ যাবতীয় কাগজপত্র অন্য বিজ্ঞ আইন উপদেষ্টা নিকট হস্তান্তরে বাধ্য থাকবে;

(ঘ) নিয়োজিত প্যানেল আইনজীবী বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন এর বিপক্ষে দায়েরকৃত কোন মামলায় কর্পোরেশনের বিরুদ্ধে নিয়োজিত হতে পারবেন না;

(ঙ) কোন আইন উপদেষ্টার নিজে অব্যাহতি চাইলে অথবা কোন আইন উপদেষ্টার বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন অব্যাহতি দিতে চাইলে উভয় ক্ষেত্রে ৬০ দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে;

(চ) প্রত্যেক আইন উপদেষ্টার প্রতি এক বছরের পারফরমেন্স মূল্যায়ন সম্পর্কিত Key Performance Indicator (KPI) (সংযুক্তি-২) সন্তোষজনক না হলে তাঁকে পরবর্তী সময়ে মামলার দায়িত্ব দেয়া বা না দেয়ার সিদ্ধান্তের প্রাধিকার কর্পোরেশন সংরক্ষণ করবে।

১১। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে সদর দফতর আইন বিভাগের সাথে যোগযোগের মাধ্যমে তা স্পষ্টীকরণ করতে হবে।

৩.০। এই সার্কুলার অবিলম্বে কার্যকর হবে। এতদসংক্রান্ত সার্কুলার নম্বর- ০০১০/২০০৭; তারিখঃ ১৫.১১.২০০৭ খ্রি. এ সার্কুলার জারীর পর থেকে বাতিল বলে গণ্য হবে।

১৪.০৮.২০২৪

(মোহাম্মদ আলী জিন্নাহ)
উপ-মহাব্যবস্থাপক (আইন)
তারিখঃ ১৪.০৮.২০২৪ খ্রি.

সূত্রঃ ৫৩.১৪.০০০০.১৮০.১৮.০৩৭.২১/ ৩৮৮

কার্যকরী ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি ঃ

১। জোনাল অফিস (সকল) ........................................, বিএইচবিএফসি।
২। শাখা অফিস (সকল) ........................................, বিএইচবিএফসি।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

১। মহাব্যবস্থাপক (সকল)................................................, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা।
২। উপ-মহাব্যবস্থাপক (সকল).........................................., বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা।
৪। উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।

(শামীমা আক্তার)
সহকারী মহাব্যবস্থাপক

CamScanner